রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
বৈদেশিক বিনিময় বিভাগ
প্রধান কার্যালয়
২৭২-বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী

Phone: 0721-862463
E-mail : dgmfed@rakub.org.bd
Website : www.rakub.org.bd

বৈদেশিক বিনিময় বিভাগ পরিপত্র নং-০১/২০১৫ তারিখঃ ০৪ নভেম্বর ২০১৫

বিষয় ঃ International Money Express/IME(M) Sdn.Bhd.Malaysia এর সাথে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের Pin Code/Spot Cash পদ্ধতিতে Taka Drawing Arrangement স্থাপন প্রসংগে।

বিশ্বের বিভিন্ন দেশে বিস্তৃত ও সুপরিচিত International Money Express/IME(M) Sdn.Bhd.Malaysia এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের Pin Code/Spot Cash পদ্ধতিতে Taka Drawing Arrangement স্থাপন করা হয়েছে এবং গত ০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখ বিকেবির সংগে রাকাবের একটি Sub-Representative Agreement সম্পাদিত হয়েছে। রাকাবের সকল শাখায় ০৪ নভেম্বর ২০১৫ তারিখ হতে এ কার্যক্রম একযোগে শুরু হয়েছে।

০২। "মানি ট্রান্সফার" ব্যবস্থার বৈশিষ্ট্য ও সুবিধাদি ঃ

* IME ব্যবস্থাটি মূলত কম্পিউটার এবং ইন্টারনেট প্রযুক্তি নির্ভর তাই এই ব্যবস্থাধীনে দ্রুত ও সহজভাবে অর্থ প্রেরণ করা যায়।
* বিশ্বব্যাপী IME বিস্তৃত থাকায় যে কোন দেশ থেকে স্বল্পতম সময়ে সরাসরি বৈদেশিক মুদ্রা/বাংলাদেশ টাকায় অর্থ প্রেরণ করা যায়।
* মানি ট্রান্সফার ব্যবস্থাধীনে প্রাপ্ত প্রতিটি রেমিট্যান্স এর অর্থ প্রদানের জন্য গ্রাহকের হিসাব থাকার বাধ্যবাধকতা না থাকায় সহজ উপায়ে ও স্বল্পতম সময়ে নগদে উত্তোলন/পরিশোধ করার সুবিধা রয়েছে।
* মানি ট্রান্সফার ব্যবস্থাধীনে প্রাপ্ত প্রতিটি রেমিট্যান্সের জন্য IME নির্দিষ্ট হারে কমিশন প্রদান করবে।

০৩। Pin Code/Spot Cash পদ্ধতিতে রেমিট্যান্সের অর্থ ছাড়করণ/পরিশোধের ক্ষেত্রে করণীয় নিয়মাবলী ঃ

(ক) গ্রাহকের জন্য অত্যাবশ্যকীয় করণীয় ঃ

১। Instant Money Transfer ব্যবস্থায় রেমিট্যান্স অর্ডারে গ্রাহকের হিসাব নম্বর থাকার প্রয়োজন নেই, তবে ১টি গোপন নম্বর ব্যবহার করা হয় এবং এর মূল্য নগদে প্রদান করা হয়। গোপন নম্বরটিকে ICN (IME Control Number) বলা হয়। নম্বরটি সব সময় ১১ সংখ্যার হবে। এবং প্রথম সংখ্যাটি ৭ অথবা ৯ দিয়ে শুরু হবে।
২। ছবিসহ বৈধ পরিচয়পত্রের ফটো কপি (পাসপোর্ট, জাতীয় পরিচয় পত্র, নাগরিক সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স, অন্যান্য সরকারী ফটোযুক্ত পরিচয়পত্র ইত্যাদি) ।
৩। ২নং ক্রমিকে বর্নিত ছবিসহ বৈধ পরিচয়পত্র না থাকলে সেক্ষেত্রে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/মিউনিসিপাল কর্পোরেশনের চেয়ারম্যান/মেম্বার/কমিশনার দ্বারা গ্রাহকের ছবিযুক্ত সত্যায়ন/প্রত্যয়নপত্র বিশেষ বিবেচনায় গ্রহণ করা যেতেপারে।
৪। প্রেরকের নাম ।
৫। প্রেরকের দেশের নাম।
৬। প্রেরিত অর্থের পরিমান
৭। প্রাপকের নাম, পূর্ণ ঠিকানা এবং সচল মোবাইল নম্বর।

(খ) শাখা কর্তৃক করণীয় ঃ

১। গ্রাহকের উপরোক্ত তথ্য জানা থাকলে গ্রাহককে প্রথমে ২কপি আবেদন Form পুরণ করতে দিতে হবে। আবেদন Form এর নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।
২। আবেদন Form পুরণ এর পর শাখার Remittance এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে বৈদেশিক বিনিময় বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়ে অবস্থিত কাস্টমার সার্ভিস সেন্টার (CSC)-এ ফোন করে নিম্নবর্ণিত তথ্যগুলি বলতে হবে।

- ICN (IME Control Number- ১১ সংখ্যার গোপন নম্বর)
- প্রেরকের নাম
- প্রেরকের দেশের নাম
- প্রত্যাশিত অর্থের পরিমাণ
- প্রাপকের পরিচয়পত্রের ধরণ এবং পরিচয় পত্রের নম্বর।
- প্রাপকের পরিচয়পত্র প্রদানের তারিখ এবং মেয়াদোর্ত্তীনের তারিখ।
- কাষ্টমার সার্ভিস সেন্টারের নিম্নবর্ণিত মোবাইল/টেলিফোন নম্বরে যোগাযোগ করে Payment নিশ্চিত করতে হবে।
- ০১৭৫৫-৫৮৬৯০০/০৭২১-৮৬২৪৬৩

৩। CSC কর্তৃক বিষয়টি নিশ্চিত করার পর শাখার Remittance এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ভাউচার প্রস্তুত পূর্বক গ্রাহককে টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
৪। শাখা নিম্ন বর্নিত কাগজগুলো সঠিকভাবে সংরক্ষন করবেন ঃ

- আবেদন পত্রের মূল কপি।
  গ্রাহকের ছবিসহ পরিচয়পত্রের ফটোকপি যাতে Remittance এর ভারপ্রাপ্ত কর্মকর্তার (শাখার কর্মকর্তা) স্বাক্ষর এবং গ্রাহকের স্বাক্ষর তারিখসহ থাকতে হবে।
- শাখাসমূহ রাকাব, প্রধান কার্যালয় হতে প্রাপ্ত ক্রেডিট এ্যাডভাইস(Money Receipt) সমন্বয় ভাউচারে সংযুক্ত রাখবে।

(গ) হিসাবায়ন পদ্ধতি ঃ

১। IMEএর সাথে সম্পাদিত Money Transfer ব্যবস্থাটি Pre-funded এবং No Coverfund, No Payment ভিত্তিতে পরিচালিত হবে এবং IME কর্তৃক বিকেবি, প্রধান কার্যালয়েই কেবল Coverfund প্রদান করা হবে। তাই IME রেমিট্যান্সের জন্য রাকাবের সকল শাখায় 131/16 IME Remittance Sub-head খোলা হলো।
২। (ক) শাখাকে রাকাবের কাষ্টমার সার্ভিস সেন্টার হতে তথ্য পাওয়ার পর নিম্নরুপ নগদ ভাউচার/ক্রেডিট ক্যাশ ভাউচার প্রস্তুত করে গ্রাহককে টাকা প্রদান করতে হবে।
ডেবিট ঃ 131/16 Branch Suspense Account Cash

প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ নগদে প্রদান করার জন্য প্রস্তুতকৃত ভাউচারের অপর পৃষ্ঠায় গ্রাহকের (Benificiary) স্বাক্ষর নিতে হবে যা তার পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, নাগরিক সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স অন্যান্য সরকারী ফটোযুক্ত পরিচয়পত্র ইত্যাদির স্বাক্ষরের সাথে অবিকল মিল থাকতে হবে।

চলমান পাতা-২

(খ) প্রধান কার্যালয় হতে ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর নিম্ন বর্ণিত ভাবে আদায়যোগ্য খাতকে ক্রেডিট করে হিসাব সমন্বয় করবে।

ডেবিট ঃ ১১১ রাকাব সাধারণ হিসাব ক্রেডিট ঃ 131/16 Branch Suspense Account Cash

৩। প্রতিটি রেমিট্যান্স/ট্রানজেকশনের জন্য পৃথক ভাউচার প্রস্তুত করতে হবে।

৪। শাখা Suspense Account থেকে পরিশোধিত অর্থের হিসাব সঠিক ও যথাযথভাবে রক্ষনাবেক্ষন করার জন্য পৃথক রেজিষ্টার সংরক্ষন করতে হবে।

(ঘ) জোনাল কার্যালয় কর্তৃক করণীয় ঃ

১। জোনাল কার্যালয় এতদসংগে সংযুক্ত নমুনা অনুযায়ী আবেদন ফরম মুদ্রন করবে এবং মনোনীত শাখাগুলো সংশ্লিষ্ট জোনাল কার্যালয় হতে তাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ফরম সংগ্রহ করবে।

২। জোনাল কার্যালয় IME রেমিট্যান্সের তদারকির জন্য নিম্ন বর্নিত তদারকি টিম গঠন করা হলো।

জোনাল ব্যবস্থাপক	-সভাপতি।
জোনাল নিরীক্ষা কর্মকর্তা	-সদস্য।
জোনাল কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা	-সদস্য।
জোনাল কার্যালয়ের রেমিট্যান্সের ভারপ্রাপ্ত কর্মকর্তা	-সদস্য সচিব।

উপরোক্ত তদারকী টিম মাসে একবার সভা করে IME রেমিট্যান্সের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা করে সভার কার্যবিবরণী প্রতি মাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বৈদেশিক বিনিময় বিভাগে প্রেরণ করবে।

(ঙ) বিভাগীয় কার্যালয় কর্তৃক করণীয় ঃ বিভাগের IME রেমিট্যান্সের তদারকির জন্য নিম্ন বর্নিত তদারকি টিম গঠন করা হলো ঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়	-সভাপতি।
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা	-সদস্য।
বিভাগীয় কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক/উর্ধতন মুখ্য কর্মকর্তা	-সদস্য সচিব।

উপরোক্ত তদারকী টিম মাসে একবার সভা করে IME রেমিট্যান্সের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা করে সভার কার্যবিবরণী প্রতি মাসের ০৭(সাত) তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বৈদেশিক বিনিময় বিভাগ এ প্রেরণ করবে। IME এর সাথে Money Transfer ব্যবস্থায় অর্থ প্রদানের জন্য মনোনীত শাখাগুলো তাদের যে কোন প্রকার সমস্যার প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সহযোগীতা গ্রহণের সুবিধার্থে বৈদেশিক বিনিময় বিভাগে নিম্ন লিখিত টেলিফোন নম্বরে সরাসরি যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা যাবে।

১। মোবাইল নম্বর ঃ ০১৭৫৫-৮৬৯০০

২। টেলিফোন নম্বর ঃ ০৭২১-৮৬২৪৬৩

(চ) মোবাইল ফোন নীতিমালা ঃ Western Union Remittance এর জন্য প্রদত্ত মোবাইল নীতিমালা IME এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০৫। এ পরিপত্রের নির্দেশাবলী অনুসরণপূর্বক IME এর সাথে স্থাপিত Money Transfer ব্যবস্থাধীনে প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ সংশ্লিষ্ট গ্রাহকদেরকে পরিশোধের ক্ষেত্রে শাখাগুলো নিষ্ঠার সাথে কাজ করে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসায় সফল অবদান রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এ বিষয়ে অধিকতর প্রয়োজনে সংশ্লিষ্ট সকলকে রাকাব, বৈদেশিক বিনিময় বিভাগ, প্রধান কার্যালয়, রাজশাহীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪/১১/২০১৫
মোঃ জাহাঙ্গীর হোসেন প্রামাণিক
উপ-মহাব্যবস্থাপক

বৈ.বি.বি.পরিপত্র-১(অপা-৩)/২০১৫-২০১৬/১৭৫(৪৪৬) তারিখঃ ০৪ নভেম্বর ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১) ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,রাকাবপ্রধান কার্যালয়, রাজশাহী।
২) ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩) ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (নিরীক্ষা হিসাব ও আদায়/পরিচলন/প্রশাসন) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪) ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, রাকাব, রাজশাহী/রংপুর।
৫) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬) উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাকাব, রাজশাহী/রংপুর।
৭) উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৮) সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। তাঁদেরকে আওতাধীন শাখাসমূহে পরিপত্রের কপি সরবরাহের জন্য অনুরোধ করা হলো।
৯) উপ-মহাব্যবস্থাপক, ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০) অধ্যক্ষ,প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
১১) প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১২) সহাকরী মহাব্যবস্থাপক, রাকাব, এলপিও, রাজশাহী।
১৩) উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া
১৪) সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা,জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫) সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬) অফিস নথি/মহানথি।

০৪/১১/২০১৫
মোঃ নাজিবুর রহমান
উর্ধতন মুখ্য কর্মকর্তা

(Spot Cash আবেদন পত্র)

বরাবর
শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
______________________ শাখা
______________________ ।

বিষয় ঃ বৈদেশিক রেমিট্যান্স নগদায়ন প্রসঙ্গে ।

জনাব

আপনার ব্যাংকের মাধ্যমে আমার অনুকূলে বিদেশ হতে নগদ পেমেন্টের জন্য Over the Counter / Spot Cash মাধ্যমে টাকা পাঠানো হয়েছে, যার বিবরন নিম্নরুপ ঃ

(১) এক্সচেঞ্জ হাউজ / ব্যাংকের নাম ঃ ______________________
(২) প্রেরনকারী দেশের নাম ঃ ______________________
(৩) প্রেরকের নাম ঃ ______________________
(ক) বর্তমান ঠিকানা ঃ ______________________
____
(খ) স্থায়ী ঠিকানা ঃ ______________________
____
(গ) টেলিফোন / মোবাইল নং ঃ ______________________
(৪) ICN / গোপনীয় নম্বর ঃ ______________________
(৫) টাকার পরিমান ঃ ______________________
কথায় ঃ ______________________
(৬) আবেদনকারীর পরিচয় পত্রের ধরন ঃ পাসপোর্ট / ভোটার আই ডি / ড্রাইভিং লাইসেন্স / চেক বহি
(৭) আবেদনকারীর পরিচয় পত্রের নম্বর ঃ ______________________
আবেদনকারীর নাম ঃ ______________________
পিতা / স্বামীর নাম ঃ ______________________
মাতার নাম ঃ ______________________
ঠিকানা ঃ ______________________
____
টেলিফোন / মোবাইল নং ঃ ______________________
(৮) আবেদনকারীর পরিচয়দানকারীর তথ্যাবলীঃ
(ব্যাংকের নিকট গ্রহনযোগ্য পরিচয়পত্র নেই এমন আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য)
(ক) পরিচয়দানকারীর স্বাক্ষর ঃ ______________________
(খ) পরিচয়দানকারীর নাম ঃ ______________________
(গ) পিতা/স্বামীর নাম ঃ ______________________
(ঘ) ঠিকানা ঃ ______________________
____
(ঙ) টেলিফোন / মোবাইল নং ঃ ______________________

আমি অঙ্গীকার করছি যে, উপরোল্লিখিত তথ্যসমুহ সত্য এবং সঠিক। ভবিষ্যতে এ সকল তথ্যে কোনরুপ গরমিল প্রমাণিত হলে গৃহীত টাকা ফেরত দিতে আমি বাধ্য থাকব। আমাকে উপরোল্লিখিত টাকা পরিশোধের জন্য অনুরোধ করছি ।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

____
স্বাক্ষর

নাম ঃ ______________________

C:\Users\Administrator\Desktop\New folder (2)\IME Circular..docx